

বর্ষ ১, সংখ্যা ৪ | ৫ এপ্রিল ২০২০

ইয়ুথ লিডার রনি'র ব্যতিক্রমী লাইভ প্রোগ্রাম

তরুণদের সচেতন করতে অনলাইন প্ল্যাটফর্মে নিয়মিত লাইভ অনুষ্ঠান পরিচালনা করছেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের ঢাকা জেলা সমন্বয়কারী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের শিক্ষার্থী মহিউদ্দিন রনি। গত ২৯ মার্চ ২০২০ তিনি ড. বদিউল আলম মজুমদারের ভাবনা নিয়ে ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর অফিসিয়াল পেইজে একটি বিশেষ লাইভ অনুষ্ঠান পরিচালনা করেন।

মহিউদ্দিন রনি আরও একাধিক লাইভ অনুষ্ঠানে করোনা প্রতিরোধে সামাজিক সচেতনতা, তরুণ সমাজের দায়িত্ব, ইয়ুথ এন্ডিং হাঙ্গারের স্বেচ্ছাসেবীদের ভূমিকা, গৃহবন্দী সময়ের মানসিক স্বাস্থ্য, মানসিক বিকাশে বইপড়া ইত্যাদি বিষয়ে নিয়মিত আলোচনা চালিয়ে যাচ্ছেন।

ইয়ুথ লিডার রনি'র এই লাইভ প্রোগ্রামগুলো ইতোমধ্যে তরুণদের মধ্যে বেশ সাড়া ফেলেছে বলে অনেকেই মন্তব্য করেছেন।



মানুষের পাশে মানিকগঞ্জের স্বেচ্ছাব্রতী তরুণরা

"সবাই মিলে শপথ করি, করোনাভাইরাসমুক্ত গ্রাম গড়ি"- এই শ্লোগানকে সামনে রেখে মানিকগঞ্জ জেলা ইয়ুথ এন্ডিং হাঙ্গারের কর্মশালা সম্পাদক তানভীর আহমেদ সজিব এর নেতৃত্বে ৩১ মার্চ ২০২০ তারিখে তার নিজ গ্রাম কুসিন্দাসহ বৈইলট ও চঙ্গশিমুলিয়া গ্রামে ২০ জন স্থানীয় যুবককে সাথে নিয়ে জীবাণুনাশক ঔষধ ছিটানো হয়। করোনাভাইরাস সংক্রমণ রোধে তারা ১ মার্চ থেকে ৩ মার্চ উল্লেখিত তিনটি গ্রামের ২০০টি পরিবারের মানুষের মাঝে সাবান ও জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করেন।

এছাড়াও মানিকগঞ্জ জেলা ইয়ুথ এন্ডিং হাঙ্গারের যুগ্ম-সমন্বয়কারী মোঃ মাকছুর রহমান শুভ এর নেতৃত্বে এবং শিক্ষক মোঃ চান মিয়ার সহযোগিতায় ছুটিভাগবাউর গ্রামের বাড়িগুলোতে টিউবওয়েলে পাশে সাবান দেওয়া, বার বার হাত ধোয়ার জন্য তাগিদ দেওয়া এবং লিফলেট বিতরণ করা হয়। একইসাথে করোনাভাইরাস প্রতিরোধে করণীয় এবং বর্জনীয় বিষয় সাধারণ মানুষকে অবগত করা হয়।



করোনাভাইরাসমুক্ত গ্রাম গড়েছে তরুণরা

ময়মনসিংহ জেলার অন্যতম সক্রিয় ইয়ুথ লিডার শেখ আজাদ গতকাল ৪ এপ্রিল ২০২০ তার নিজ এলাকার ইয়ুথ এন্ডিং হাঙ্গারের তরুণ স্বেচ্ছাসেবীদের একত্রিত করে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার তারতাপাড়া ও সুখনগরী গ্রামের বাড়ি বাড়ি গিয়ে জীবাণুনাশক ঔষধ ছিটায়। এছাড়াও গ্রামের মসজিদসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় জনসাধারণের হাত ধোয়ার জন্য ডেটল সাবান বেঁধে রেখে দেয়।

৫ এপ্রিল ২০২০ তারিখে তারতাপাড়া গ্রামের স্থানীয় বাজারে জনগণকে করোনাভাইরাসে সম্পর্কে সচেতনতা প্রচার অভিযানসহ শ্রমজীবী মানুষের তালিকা প্রণয়ন করেন। পরবর্তী পরিকল্পনা হিসেবে আগামী ৬ এপ্রিল ২০২০ তারিখ এলাকাবাসীর সহায়তায় ৫০টি শ্রমজীবী পরিবারের জন্য ৫ কেজি করে চাল, ১ কেজি ডাল, ২ কেজি আলু এবং ২টি করে সাবান বিতরণ করা হবে।



তারুণ্য বার্তা

উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিম আক্তার জলি

সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব

প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ; সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

২/২, হেরাল্ডিক হেইটস, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭; yeh.bd@thp.org; www.thpbd.org



THE
HUNGER
PROJECT
Bangladesh